গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আযম খান সরকারি কমার্স কলেজ, খুলন।
Web site : www.akcc.gov.bd

দূরালাপনীঃ ৭২২৬১৮, কলেজ কোডঃ ০৩১৩
e-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

তারিখঃ ১১/০২/২০২১

# ১ম বর্ষ অনার্স পরীক্ষার সংশোধিত ফরম পূরণের বিজ্ঞপ্তি

**নিয়মিত (২০১৯-২০) সালের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন(২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ এবং ২০১৪-১৫, ২০১৩-১৪)**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনার্স ১ম বর্ষ (নিয়মিত ২০১৯-২০, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭, ২০১৫-১৬ এবং ২০১৪-১৫, ২০১৩-১৪ শিক্ষাবর্ষে প্রমোটেড F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীগণ) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র-ছাত্রীদের ফরম পূরণ নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। নির্দিষ্ট তারিখের পর আর কোন ফরম পুরণ করা যাবে না। কলেজ ও বিভাগের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে।

## ফরম পূরণের তারিখ

| বিভাগ | তারিখ |
|---|---|
| হিসাববিজ্ঞান | ১৮/০২/২০২১ ও ২২/০২/২০২১ |
| ব্যবস্থাপনা | ২৩/০২/২০২১ ও ২৫/০২/২০২১ |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং | ২৮/০২/২০২১ ও ০১/০৩/২০২১ |
| মার্কেটিং | |

## পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য প্রদেয় ফিসের বিবরণ

| ক্রমিক নং | বিষয় | নিয়মিত | অনিয়মিত** | | গ্রেড উন্নয়ন |
|---|---|---|---|---|---|
| | | | বিগত বছরে যারা ফরম পুরণ করেনি | যারা Not Promoted অথবা ফরম পুরণ করে পরীক্ষা দেয়নি | |
| ০১ | প্রতি পূর্ণ পত্র ২৫০/-টাকা হারে x ৬ | ১৫০০/- | ১৫০০/- | প্রতি পূর্ণ পত্র ২৫০/-টাকা হারে | প্রতি পূর্ণ পত্র ২৫০/-টাকা হারে |
| ০২ | ইনকোর্স পরীক্ষার ফি | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- |
| ০৩ | অন্তভূক্তি ফি (গ্রেড উন্নয়ন) জন প্রতি | | | | ৩০০/- |
| ০৪ | **ক) বিশ্ববিদ্যালয়ের অংশ** | ১৬০০/- | ১৬০০/- | | |
| | | **ডাউনলোডকৃত ফরমের উল্লেখিত টাকা এবং নিম্নলিখিত কলেজের টাকা** | | | |
| ০৫ | বেতন (২৫/- × ৪) | ১০০/- | | | |
| ০৬ | সেশন চার্জ | | ২১০৫/- | | |
| ০৭ | সেমিনার ফি | | ৪০০/- | | |
| ০৮ | কেন্দ্র ফি (কলেজ) | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- |
| ০৯ | ইনকোর্স পরীক্ষার ফি ( কলেজ ২০০/-)* | ২০০/- | ২০০/- | ২০০/- | |
| ১০ | ব্যবস্থাপনা ফি (কলেজ) | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- |
| ১১ | সোনালী সেবা চার্জ | ৫/- | ৫/- | ৫/- | ৫/- |
| ১২ | **খ) কলেজের অংশ** | ৮০৫/- | ৩২১০/- | ৭০৫/- | ৫০৫/- |
| | মোট টাকা (ক+খ) | ২৪০৫/- | ৪৮১০/- | | |

****যে সকল শিক্ষার্থী ২০১৯ সনের পরীক্ষায় ফরম পূরণ করেনি তাদেরকে অবশ্যই পুণঃভর্তি হতে হবে।**

*** ইনকোর্স পরীক্ষার ফি ২য় বর্ষের জন্য আদায়কৃত।**

**বিঃদ্রঃ ১। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই।**

**২। ব্যাংকে টাকা জমার রশিদসহ ডাউনলোডকৃত ফরম অবশ্যই স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।**

**অন্যথায় ফরমপূরণ সম্পন্ন হবে না।**

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আযমখান সরকারি কমার্স কলেজ
খুলনা।

০১. আবেদন ফরম সংগ্রহ ঃ

অনার্স ১ম বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিক ভাবে পূরণ করে Download-এর মাধ্যমে প্রিন্ট কপি নির্ধারিত ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২০ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০১৯ সালের অনার্স ১ম বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২০ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

**গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

২০১৯ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

যে সকল শিক্ষার্থী ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২০ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০১৯ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২০ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

**পরীক্ষার্থীদের জন্য করণীয় ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে আবেদন ফরম Download করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আযমখান সরকারি কমার্স কলেজ
খুলনা।

আহবায়ক
অনার্স ১ম বর্ষ পরীক্ষা -২০২০
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা।